



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

প্রেস বিজ্ঞপ্তি

২৮ মার্চ, ২০১৮

গৃহশ্রমিক নীতিমালার বাস্তবায়নসহ পৃথক আইন প্রণয়ন প্রয়োজন- ঢাকায় অনুষ্ঠিত মহানগর গৃহশ্রমিক সম্মেলনে বক্তারা

বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)-এর সখি প্রকল্প ও জাতীয় গার্হস্থ্য নারী শ্রমিক ইউনিয়ন এর যৌথ উদ্যোগে গত ২৮ মার্চ, ২০১৮ ইং তারিখ ঢাকাস্থ বিএমএ অডিটরিয়ামে “ঢাকা মহানগর গৃহশ্রমিক সম্মেলন” অনুষ্ঠিত হয়।

উক্ত সম্মেলনে উপস্থিত ছিলেন মাননীয় সংসদ সদস্য শিরিন আক্তার, এম পি; ইন্টারন্যাশনাল ডোমেসটিক ওয়ার্কার্স ফেডারেশন-এর সাধারণ সম্পাদক এলিজাবেথ ট্যাং; বাংলাদেশ ট্রেড ইউনিয়ন কেন্দ্রের সাধারণ সম্পাদক ডা. ওয়াজেদুল ইসলাম; ব্লাস্ট এর উপ-পরিচালক (আইন) এ্যাডভোকেট বরকত আলী; জাতীয় গার্হস্থ্য নারী শ্রমিক ইউনিয়ন এর উপদেষ্টা আবুল হোসাইনসহ প্রমুখ। সম্মেলনে সভাপতি করেন বিচারপরিচালক নিজামুল হক, সাবেক বিচারপতি (আপীল বিভাগ), বাংলাদেশ সুপ্রীম কোর্ট ও ব্লাস্টের মুখ্য আইন উপদেষ্টা।

সম্মেলনে মাননীয় সংসদ সদস্য শিরিন আক্তার বলেন, গৃহশ্রমিকদের আন্দোলন ও সাংগঠনিক তৎপরতা সরকারের মনোযোগ আকর্ষণ করতে পেরেছে বলেই নীতিমালা হয়েছে এবং তিনি আশা করেন এই নীতিমালা আইনে রূপ নিবে।

বিচারপতি নিজামুল হক বলেন, সমাজ এগুচ্ছে গৃহশ্রমিকরাও তাদের অধিকার আদায়ে এগিয়ে যাবে। তাদের প্রাপ্য মর্যাদা প্রদান করা হলেই তারা তাদের দাবী আদায়ে সক্ষম হবে।

ডা. ওয়াজেদুল ইসলাম বলেন, বাংলাদেশে গৃহশ্রমিকরা অত্যন্ত প্রান্তিক ও শোচনীয় অবস্থায় রয়েছে। তিনি গৃহশ্রমিকদের একতাবদ্ধ হয়ে আইনী পন্থায় দাবী আদায়ে এগিয়ে আসার আহবান জানান।

ব্লাস্টের উপ-পরিচালক (আইন) এ্যাডভোকেট বরকত আলী বলেন, সখি প্রকল্পের চেঞ্জমেকারদের মাধ্যমে নবগঠিত এই কমিটি ভবিষ্যতে গৃহশ্রমিকদের ন্যায় সঙ্গত অধিকার আদায়ে সচেষ্ট থাকবে এবং যে কোন আইনী সহায়তার জন্য ব্লাস্ট তাদের পাশে থাকবে।

জাতীয় গার্হস্থ্য নারী শ্রমিক ইউনিয়ন-এর উপদেষ্টা আবুল হোসাইন বলেন, গৃহশ্রমিকের জন্য শুধু নীতিমালা যথেষ্ট নয় এর জন্য আইন প্রণয়ন জরুরী।

এছাড়াও সম্মেলনে ইন্টারন্যাশনাল ডোমেসটিক ওয়ার্কার্স ফেডারেশন-এর সাধারণ সম্পাদক এলিজাবেথ ট্যাং, সখি প্রকল্পের ব্যবস্থাপক আবদুল মালেকসহ কমিটির প্রতিনিধিবৃন্দ বক্তব্য রাখেন। সম্মেলনে সখি প্রকল্পের চেঞ্জমেকারদের মাধ্যমে ২১ সদস্য বিশিষ্ট গৃহশ্রমিকদের ঢাকা মহানগর কমিটি ঘোষণা করা হয়। উল্লেখ্য যে, সখি প্রকল্পের ১৫টি কর্ম এলাকা থেকে গৃহশ্রমিক নারীদের নিয়ে গঠিত এলাকা ভিত্তিক ও আঞ্চলিক বিভিন্ন দল গঠন করা হয়। উক্ত দল গুলোর উপস্থিতিতে ঢাকা মহানগর কমিটি গঠন করে এই সম্মেলন অনুষ্ঠিত হয়।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

ই-মেইল: mahbuba@blast.org.bd